



প্রভোস্ট এ্যাওয়ার্ড ২০২৩ এর বিজ্ঞপ্তি

জানুয়ারি ১, ২০২৩

অমর একুশে হল সংশ্লিষ্ট ছাত্রদেরকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তিনটি ক্যাটাগরিতে এ বছর প্রভোস্ট এ্যাওয়ার্ড প্রদান করা হবে:

- ক্যাটাগরি-১: মেধায় বিশেষ কৃতিত্ব: অমর একুশে হলে সংযুক্ত আবাসিক/অনাবাসিক ছাত্রদের মধ্যে একজন ছাত্র তার বিভাগের অনার্স ও মাস্টার্স পরীক্ষায় সর্বোচ্চ কৃতিত্ব অর্জন (নূন্যতম সিজিপিএ ৩.৫ বা এর অধিক) করলে আবেদন করা যাবে। একাধিক আবেদনকারী একই যোগ্যতাসম্পন্ন হলে এস.এস.সি ও এইচ এস সি পরীক্ষার ফলাফল এবং অন্যান্য সহশিক্ষামূলক কর্মকাণ্ড বিবেচনায় নেয়া হবে। এখানে উল্লেখ্য যে, মাস্টার্স ক্যাটাগরিতে প্রতি বিভাগ/ইনস্টিটিউট থেকে প্রতি শিক্ষাবর্ষের জন্য সম্মিলিতভাবে বিভিন্ন (থিসিস/নন থিসিস অথবা অন্যান্য) গ্রুপ থেকে সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একজন মেধাবী ছাত্রকে প্রভোস্ট এ্যাওয়ার্ড প্রদান করা হবে।
- ক্যাটাগরি-২: ক্রীড়া/সাংস্কৃতিক/সহশিক্ষা কার্যক্রম: মনোনয়ন পেতে হলে এ সংশ্লিষ্ট কোনো বিষয়ে ন্যূনপক্ষে কেন্দ্রীয়ভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম স্থান অধিকার করতে হবে।
- ক্যাটাগরি-৩: সামাজিক ও সেবামূলক কর্মকাণ্ড: রক্তদান, বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনে সক্রিয় অংশগ্রহণ সাহসিকতাপূর্ণ কাজের জন্য আবেদন করা যাবে।
- ২০১৯, ২০২০ ও ২০২১ সনে অনার্স/মাস্টার্স পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রভোস্ট এ্যাওয়ার্ড ২০২৩ প্রযোজ্য হবে।

যেসব কারণে আবেদন বিবেচনা করা হবে না:

- আবেদনকারীর বিরুদ্ধে হলে কিংবা বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কিংবা একাডেমিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়ে থাকলে কিংবা উক্ত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন থাকলে।
- আবেদনকারীর নিকট হল কিংবা বিশ্ববিদ্যালয়ের কোন বকেয়া দাবি থাকলে।
- আবেদনকারী যদি হলের আবাসিক ছাত্র হয় এবং তার কাছে কোন বৈধ আবাসিকতা কার্ড না থাকে। ভুল, অসত্য কিংবা প্রতারণামূলক তথ্যের ভিত্তিতে কেউ প্রভোস্ট এ্যাওয়ার্ড পেয়ে থাকলে এ্যাওয়ার্ড কমিটি পরবর্তীতে তা প্রত্যাহার করতে পারবে।
- এ্যাওয়ার্ড মনোনয়নে এ্যাওয়ার্ড কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনপত্র হল অফিসে পাওয়া যাবে এবং আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২০ জানুয়ারি ২০২৩


অধ্যাপক ড. ইস্তিয়াক এম সৈয়দ

প্রাধ্যক্ষ

অমর একুশে হল

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রদানের জন্য অনুরোধসহ প্রেরিত হল:

১। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৩। পরিচালক, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।

To
website
notice board
S. Shafiq
11.1.23